5783 IV - 729

50 Rs.




Addl. District Sub-Registrar
Alipore ... 27
29 DEC 1999

48 (1)

Subarna ... Bikram Barman ... Basab Barman

## -: জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নি বা ব্যাপক আমমোক্তার নামা দলিল :-

**লিখিতং :-** ১। শ্রীমতী সুপ্রীতি বর্ম্মন , স্বামী স্বর্গত বি.কে.বর্ম্মন ,
২। শ্রী বিক্রম বর্ম্মন , ৩। শ্রী বাসব বর্ম্মন,
উভয়ের পিতা স্বর্গত বি.কে. বর্ম্মন , সকলের জাতি -হিন্দু ,
পেশা-১নং গৃহস্থালী , ২নং অধ্যাপনা ৩নং চাকুরী সকলের সাকিন -
৪৫বি।১সি ,মূর এ্যাভিনিউ ,থানা-রিজেন্টপার্ক, কলিকাতা- ৪০ ॥

**বরাবর :-** শ্রী পরিমল পাইক , পিতা শ্রী বিমল পাইক ,
জাতি-হিন্দু, পেশা-ব্যবসা , সাং ৬২ হোসেনপুর ,পোঃ হালতু ,
কলিকাতা-৭৮ ॥

কস্য জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নি বা ব্যাপক আমমোক্তার নামা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ॥--

সমুদয়জমি জমার কোন প্রকার হস্তান্তর বা উইলাদি না করিয়া আমরা অত্র সম্পাদনকারী

জেলা দক্ষিন ২৪ পরগনা,থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর বর্তমানে তিলজলা,পরগনা কলিকাতা, সাবরেজিষ্ট্রী অফিস সাবেক আলিপুর অধুনা শিয়ালদহ অন্তর্গত সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটী অধুনা দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৮ নং ওয়ার্ডের অন্তর্গত অত্রজেলা কালেকটারীর মহাল ২১১৮ নং তৌজি ভুক্তঃ এল: নং ১২,রে: সা: নং ২১২ , মৌজা -মাদুরদহ গ্রামে জমি জমারবর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনাকালেকটারবাহাদুর অধিন হাল জরীপের ১৮৭ নং খতিয়ান লিখিত মোট ১২.৮৭ একর ভূম্যাদির কাত বার্ষিক ৫৬্ টাকা খাজনার রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৪৫৫চারি শত পঞ্চান্ন নং দাগ ভুক্ত জমি মধ্যেপূর্ব্বাধিকারী কৃত স্কীমের ১১ নংপ্লট ভুক্তস্থানীয় বাংলা মাপে কমবেশী ৩ কাঠা ৭ ছটাক=২৪৮০ বর্গফুট বিলজমি জমামায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদিসহ সম্পত্তি আমরা অত্র সম্পাদনকারীত্রয় আমাদের স্বামী ও পিতা অধুনা মৃত বি.কে.বর্ম্মন মহাশয় ক্রিতইংরাজী সন ২০.৪.১৯৮২ তারিখে সম্পাদিত ও মোকাম আলিপুর ডি: সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী কৃত ১ নং বহির ১১১ নং ভল্যুমের ৮৮ হইতে ৯৬ নং পাতায় লিখিত সন ১৯৮২ সালের ৪৮৪৮ নং এককেতা সাফ কোবালা দলিল মূলেউক্তজমি জমার তৎকালিন মালিক স্বত্বাধিকারী সাং জিয়াগঞ্জ , মুর্শিদাবাদ নিবাসী স্বর্গত পন্নু লাল ছাজোর মহাশয়ের পুত্র মিহির কুমার ছাজোর মহাশয়ের নিকট হইতে খরিদ করেন । তাঁহার খরিদা উক্ত কোবালা দলিল খানিতে উক্ত মিহির কুমার ছাজোর মহাশয়ের নিযুক্ত আমমোক্তার তদীয় পুত্র শ্রী উত্তম কুমার ছাজোর মহাশয় যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন ।

অত: পর উক্ত বি.কে.বর্ম্মন মহাশয় প্রোক্ত কোবালা মূলে উল্লিখিত সমুদয় ৩ কাঠা ৭ ছটাক ২৪৮০ বর্গ ফুট বিল জমি জমা খরিদ করিয়া তাহার খাস দখল গ্রহনকরত: দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের এ্যাসেসমেন্ট রেজিষ্ট্রীরে উক্ত সম্পত্তি তাহার নামে ১০৮ নং ওয়ার্ডের ৭৬০ মাদুরদহ প্রেমিসেস ভুক্ত সম্পত্তি স্বরূপে রেকর্ড লিপিবদ্ধ করাইয়া লইয়া ধার্য্য ট্যাক্সাদি প্রদান পূর্ব্বক খাসে ভোগ দখল করিতে থাকা কালে উক্ত সমুদয়জমি জমার কোন প্রকার হস্তান্তর বা উইলাদি না করিয়া আমরা অত্র সম্পাদনকারী

সম্পাদনকারীত্রয় আমাদিগকে তাহার এক স্ত্রী ও দুই পুত্র ওয়ারিশ উত্তরাধিকারী বিদ্যমান রাখিয়া অপর কাহাকেও ওয়ারিশ না রাখিয়া গত ইংরাজী সন ১৪.৩.১৯৯৮ তারিখে পরলোক গমন করিলে পর তৎত্যক্ত সমুদয় জমি জমা আমরা অত্র সম্পাদনকারীত্রয় হিন্দু উত্তরাধিকার আইনের বিধান মতে সমতুল্যাংশে প্রাপ্ত হইয়া এযাবৎকাল খাসে এজমালে ভোগ দখল করিয়া আসিতেছি ।

এইক্ষন আমরা সম্পাদনকারীত্রয় আমাদের পক্ষে স্বয়ং উক্ত সমুদয় জমি জমা সুশৃংখলার সহিত দেখাশুনা রক্ষনাবেক্ষন হস্তান্তর ইত্যাদি কার্য করা বিশেষ অসুবিধা বিধায় আমাদের পক্ষে একজন আমমোক্তার নিযুক্তকরা একান্ত আবশ্যক মনে করিয়া অদ্যরোজ এই পাওয়ার বলে আমাদের বিশ্বস্ত ও হিতৈষী শ্রীপরিমল পাইক মহাশয়কে আমার পক্ষে ব্যাপক আমমোক্তার নিযুক্ত করিয়া এতদ্বারা ক্ষমতা অর্পন করিতেছি যে ,

ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত মহামান্য সুপ্রীম কোর্ট হইতে আরম্ভ করিয়া কলিকাতা হাইকোর্ট ,আলিপুর পুলিশকোর্ট ,জর্জ কোর্ট , সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী আদালত , ল্যান্ড সিলিং অফিস , কর্পোরেশান অফিস , রেভিনিউ অফিস ,কালেকটার অফিস , সি.এম.ডি. এ অফিস , পুলিশ ষ্টেশন ইত্যাদি যে সকলস্থানে আমাদের উপস্থিত হইবার আবশ্যক হইবে সেই সকল স্থানে আমাদের নিযুক্ত আমমোক্তার মহাশয় আমাদের পক্ষে উপস্থিত হইয়া সকল প্রকার দরখাস্ত ও আবেদন নিবেদন করিতে পারিবেন ।

যদি কখনও আমাদের উক্ত সম্পত্তি লইয়া কোন প্রকার মামলা মোকদ্দমার উদ্ভব হয় বা নতুন কোন মামলা রুজু করিবার আবশ্যক হয় তাহা হইলে আমাদের নিযুক্ত আমমোক্তার মহাশয় আমাদের পক্ষে উপযুক্ত উকিল ব্যারিষ্টার নিয়োগ করিয়া প্রয়োজনীয় দরখাস্ত , এফিডেভিট ওকালত নামা,আর্জি, সত্য পাঠ ইত্যাদিতে আমাদের নাম ব: কলমে দস্তখত করত: আইন সম্মত ভাবে উক্তসকল প্রকার মামলা মোকদ্দমা পরিচালনা করিতে পারিবেন এবং মামলা মোকদ্দমার রায় আমাদের বিপক্ষে হইলে তদ্দরুন উচ্চতম আদালতে আপীল দায়ের

দায়ের করিতে পারিবেন ।

যদি ভবিষ্যতে আমাদের উক্ত সম্পত্তি কোনপ্রকার হস্তান্তর করিবার আবশ্যক হয় তাহা হইলে আমাদের নিযুক্ত উপযুক্ত আমমোক্তার মহাশয় উপযুক্ত মূল্যের ক্রেতা নির্বাচনকরত: তাহার সহিতজমির মূল্য স্থির করিয়া পন মূল্যের টাকা গ্রহন করত: এবং তাহা আমাকে প্রদান করিয়া নির্বাচিত ক্রেতা গনের নাম বরাবর মূল কোবালা দলিল প্রস্তুত পূর্বকতাহাতে আমার নাম ব: কলমে দস্তখত করত: যে কোন রেজিষ্ট্রী অফিসে উপস্থিত হইয়া আইন সম্মত ভাবে রেজিষ্ট্রী কার্য্য সম্পন্ন করিয়া দিতে পারিবেন এবং রেজিষ্ট্রী অন্তে দলিল ফেরৎ পাইবার রসিদের পৃষ্ঠ দেশে আমাদের নাম ব: কলমে দস্তখত করত: বরাত লিখিয়া দিতে পারিবেন ।

এতদ্ব্যতীত আমাদের উক্ত সম্পত্তি সংক্রান্ত ব্যাপারে যখন যাহা কিছু করিবার আবশ্যক হইবে তাহা আমাদের নিযুক্ত আমমোক্তার মহাশয় আমাদেরপক্ষ হইয়া করিতে পারিবেন এবং তাহার কৃত যাবতীয়কার্য্য আমাদের স্বীয় ও কৃত কার্য্যের ন্যায় সর্বত্র কবুল মঞ্জুর ও আইন গ্রাহ্য হইবে ।

এতদর্থে সুস্থশরীরে ,সরল মনে, স্বজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নি বা ব্যাপক আমমোক্তার নামা দলিল পাঠ করিয়া ইহার মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া ইহাতে সহি সম্পাদনকরিয়া দিলাম । ইতি তারিখ বাংলা ১৪০৬ সালের ১০ই পৌষ ইংরাজী ২৯শে ডিসেম্বর, ১৯৯৯ ।

- পাওয়ারকৃত তপশীল সম্পত্তিরপরিচয় -

জেলা দক্ষিন ২৪.পরগনা, পরগনে কলিকাতা, থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর বর্তমানে তিলজলা, সাবরেজিষ্ট্রী অফিস সাবেক আলিপুর অধুনা শিবাদহ অন্তর্গত দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৮ নং ওয়ার্ডের অন্তর্গত ৭৬০ মাদুরদহ প্রেমিসেস ভুক্ত অত্রজেলা কালেকটারীর মহাল ২১১৮ নং তৌজি ভুক্তজে: এল: নং ১২,রে: সা: নং ২১২,মৌজা মাদুরদহ গ্রামে হাল জরীপের ১৮৭ নং খতিয়ান লিখিত ৪৫৫ চারি শত

শত পঞ্চান্ন নং দাগ ভুক্ত জমি জমা মধ্যে আমাদের ওয়ারিশ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত পূর্বাধিকারী কৃত স্কীমের ১৯ নং প্লট ভুক্ত স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩ তিন কাঠা ৭ সাত ছটাক= ২৪৮০ চব্বিশশত আশী বর্গ ফুট বিল জমি যায় যাবতীয় আকর আওতাদি ও ইজমেন্ট স্বত্বাদিসহ দর বস্তু হক হকুক অত্র দলিলের পাওয়ার কৃত সম্পত্তি হইতেছে ।

-ইহার চৌহদ্দি -

উত্তর :- রাস্তা ।

দক্ষিন - পূর্বাধিকারী কৃত স্কীমের ১৭ নং প্লটেরজমি ।

পূর্ব :- অন্যের জমি ।

পশ্চিম:- রাস্তা ।

মুসাবিদাকারক :-

Ratan Kr. Datta
Advocate
Alipore, Cal-27

ইসাদি :-

1. Sadim faik
62 Hossen ... Cal-18

2. Sanjay Kr Basu
Alipur Police Court
Calcutta-27

টাইপকারক :-

আলিপুর পুলিশকোর্ট ,
কলিকাতা- ২৭ ।।